দৈনিক ইনকিলাব

তারিখ 21 JUN 1987
পৃষ্ঠা ৮ কলাম ৩

৬ই আষাঢ় ১৩৯৪ বাং



# উপজেলা পরিক্রমা

## সিংড়া

নাটোর, ২০ জুন (সংবাদদাতা)।— নাটোর জেলার সর্ব বৃহত্তম উপজেলা সিংড়া। ঐতিহ্যবাহী চলনবিল সিংড়া উপজেলার গৌরব। বিল চলনকে কেন্দ্র করে রচিত হয়েছে কত গল্প, কবিতা, উপন্যাস। কথায় আছে, "বিল দেখলে চলন, গ্রাম দেখলে কলম"। এই এলাকার জনসাধারণের সুখ-দুঃখের সাথী চলনবিল। ১২টি ইউনিয়ন নিয়ে এ উপজেলা গঠিত। আয়তন ২০৬ বর্গ মাইল। মোট লোকসংখ্যা ২,২৪,০১৯ জন। মোট পরিবারের সংখ্যা ৩৭,৪৫৬টি।

### কৃষি

সিংড়া উপজেলাকে ধান ভাণ্ডার বলা হয়। এখানে রেকর্ড পরিমাণ ইরি ও আমন ধান জন্মে। দেশের বড় বড় ধান ব্যবসায়ীরা এসে সিংড়ার হাটে ভিড় করে। তাছাড়া গম, আলু, তরমুজ, সরিষা, তিল ও নানা প্রকারের ডাল এই অঞ্চলের উৎপাদিত ফসল। বার্ষিক উৎপাদিত খাদ্যের পরিমাণ প্রায় ১ লাখ টন।

### শিক্ষা

গড় শিক্ষার হার শতকরা ৩২ জন। এই উপজেলায় ১টি সরকারী কলেজ, ১টি বেসরকারী কলেজ, ১৭টি হাই স্কুল ও ১টি সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়, ১৯টি জুনিয়র হাই স্কুল, ১২৪টি সরকারী প্রাথমিক বিদ্যালয় আছে। ১৬টি মাদ্রাসা, ৪১৬টি মসজিদ, ৭৫টি মন্দির এবং ৪১টি হাট-বাজার আছে। এই উপজেলার শিক্ষার হার মোটামুটি সন্তোষজনক। এ এলাকার দু'টি গ্রাম একটি হুলহুলিয়া অপরটি শহরবাড়ি বর্তমান সরকারের পল্লী উন্নয়নের সাথে সাথে তাল মিলিয়ে এগিয়ে চলছে। এই গ্রাম দু'টোর শিক্ষার হার যথাক্রমে ৫৮.২৩% এবং ৫২.৯২%।

### চিকিৎসা

উপজেলার সদরে একমাত্র স্বাস্থ্য কেন্দ্র নানা সমস্যায় জর্জড়িত। রোগীদের সুষ্ঠু চিকিৎসা হয় না। এখানকার রোগীদের একমাত্র ওষুধ ট্যাবলেট ছাড়া আর কিছুই দেয় না।

### যাতায়াত

সমগ্র উপজেলার যোগাযোগ ব্যবস্থা বলতে রাজশাহী নাটোর, বগুড়া মহাসড়ক এই উপজেলার মধ্যে দিয়ে চলে গেছে। এই উপজেলার মাত্র ১৬ মাইল পাকা রাস্তা। বাদবাকি ৩৪৯ মাইল কাঁচা। এলাকাটি চলনবিলের অন্তর্গত হওয়ায় নৌপথেই জনসাধারণ চলাচল করে থাকে।